অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/28/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটব্যাপী 65টি গৃহ নির্যাতন সেবা প্রদানকারীদের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন

অতি গুরুত্বপূর্ণ চাহিদা সমর্থ করতে সরাসরি গৃহ নির্যাতনের ভুক্তভোগীদের তহবিল প্রদান করা হবে

বার্ষিক এই প্রতিশ্রুতি গভর্নরের 2024 স্টেট অফ দ্য স্টেটের অগ্রাধিকার প্রদান করে সার্ভাইভার্স অ্যাক্সেস ফাইন্যান্সিয়াল এম্পাওয়ারমেন্ট তহবিল স্থাপন করে

গৃহ নির্যাতন সমর্থনে 35 মিলিয়ন মার্কিন ডলারের বেশি নতুন স্টেট অর্থায়নের অনুবর্তী এই ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে গৃহ নির্যাতনের ভুক্তভোগী ও শিকার ব্যক্তিদের সমর্থন করার জন্য 5 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের অংশ হিসেবে পুরো স্টেটের 65টি কর্মসূচি তহবিল লাভ করবে। গভর্নর হোকলের স্টেট অফ দ্য স্টেট অগ্রাধিকার পূরণ করে এই বছরের প্রণীত বাজেট সার্ভাইভার্স অ্যাক্সেস ফাইন্যান্সিয়াল এম্পাওয়ারমেন্ট (Survivors Access Financial Empowerment, SAFE)তহবিল স্থাপন করেছে যা গৃহ নির্যাতনের ভুক্তভোগীদের জন্য একটি আবর্তনশীল তহবিলের উৎস হবে।এছাড়াও প্রমাণভিত্তিক, ভুক্তভোগী কেন্দ্রিক এবং ট্রমা অবগত হস্তক্ষেপের মাধ্যমে গৃহ নির্যাতনের অপরাধের প্রতিরোধ ও প্রসিকিউশনের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম আইন শৃঙ্খলা রক্ষাকারী ও ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের প্রদান করার জন্য গভর্নর বাজেটে 35 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন।

"গৃহ নির্যাতনের দ্বারা প্রভাবিত নিউ ইয়র্কবাসীকে সমর্থন করার জন্য এবং নির্যাতনের ক্ষতি সমাধান করার নতুন কৌশলে বিনিয়োগ করার জন্য আমি গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ আছি," **গভর্নর হোকল বলেন।** "বহু ভুক্তভোগীর জন্য অর্থের সীমাবদ্ধতা নিজেদের ও নিজের পরিবারের বৃহত্তর নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে একটি প্রতিবন্ধকতা হয়ে থাকে। অভীষ্ট জরুরি সহায়তার জন্য এই বিনিয়োগটি ভুক্তভোগীদের স্থিতিশীলতা অর্জন করতে এবং নিরাময়ে মনোযোগ দিতে দিবে।"

নিউ ইয়র্ক স্টেটের গৃহ নির্যাতন প্রতিরোধ অফিস (Office for the Prevention of Domestic Violence, OPDV) এমন কর্মসূচিসমূহের মধ্যে এই অর্থ বিতরণ করবে যারা সরাসরি ভুক্তভোগী এবং অপরাধের শিকার ব্যক্তিদের সেবাদান করে এবং চাকরি নিশ্চিত করার শিক্ষা ও প্রশিক্ষণ,

খাদ্য ও গৃহস্থালির নিত্য প্রয়োজনীয় সামগ্রী, স্থানান্তরের খরচ, আইনি সহায়তা, ইউটিলিটি পেমেন্ট, পরিবহন এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্য সেবা, এবং একই সাথে শিশু সম্পর্কিত সেবার মতো অতি গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ রকার জন্য তা ব্যবহার করা হবে। এই ধরনের নমনীয় আর্থিক সহায়তা প্রদানের জন্য স্টেটের মার্কিন ডলার নিযুক্ত করা দেশের মাত্র দুইটি স্টেটের মধ্যে নিউ ইয়র্ক একটি হয়ে আছে।

নিউ ইয়র্ক স্টেট পারিবারিক সহিংসতা প্রতিরোধ অফিসের নির্বাহী পরিচালক কেলি ওয়েন্স বলেন, "এই তহবিল ভুক্তভোগী এবং গৃহ নির্যাতনের শিকার ব্যক্তিদের জন্য অতি গুরুত্বপূর্ণ জরুরি সহায়তা প্রদান করবে, তাদের মৌলিক চাহিদা পূরণে এবং অনেক কেটে নিরাপত্তা ও সুরক্ষা পেতে সাহায্য করবে। এই বিনিয়োগের জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ এবং এই তহবিল সেরা উপায়ে কীভাবে বিতরণ করা যায় সেই আলোচনায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ।"

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের (Division of Criminal Justice Services, DCJS) কমিশনার রোসানা রোসাডো বলেন, "পারিবারিক সহিংসতা প্রতিরোধ এবং ভুক্তভোগীদের সেবার ক্ষেত্রে গভর্নর হোকলের অতি গুরুত্বপূর্ণ নেতৃত্বের জন্য DCJS থেকে আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি। জীবন রক্ষাকারী কার্যকর গৃহ নির্যাতন হস্তক্ষেপের সমর্থন করার মাধ্যমে জননিরাপত্তা উন্নত করতে OPDV এর মতো আমাদের স্টেট এজেন্সি অংশীদারদের সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত। আমরা যখন ব্যাপক এই সহিংসতা প্রতিরোধ ও হ্রাস করতে আমাদের প্রয়াসের আকার বৃদ্ধি করছি তখন আইন শৃঙ্খলা রক্ষাকারী নেতৃবৃন্দ এবং গৃহ নির্যাতন সেবা প্রদানকারীসহ স্টেট ও স্থানীয় এজেন্সিসমূহের সাথে আমাদের অংশীদারিত্ব বিশাল পার্থক্য তৈরি করে দেয়।"

এছাড়াও নিউ ইয়র্ক স্টেটের ভিকটিম সার্ভিসেস অফিস (New York State Office of Victim Services, OVS) এর স্টেটব্যাপী ভিকটিম সহায়তা কর্মসূচিসমূহের নেটওয়ার্কের মাধ্যমে সেবাদানকে সমর্থন করে, এবং একই সাথে অতি গুরুত্বপূর্ণ সেফটি নেট প্রদান করতে এবং গৃহ নির্যাতনের ভুক্তভোগীসহ অপরাধের শিকার ব্যক্তিদেরকে মেডিকেল ও কাউন্সেলিং ব্যয়, অন্ত্যেষ্টিক্রিয়া এবং দাফনের খরচ, হারানো বেতন ও সমর্থনের মতো আর্থিক সহায়তা প্রদান করে। নিউ ইয়র্ক দেশের একমাত্র স্টেট যেখানে চিকিৎসা বা কাউন্সেলিং খরচের কোনো ঊর্ধ্বসীমা নেই, যার অর্থ হলো প্রত্যেকে যতক্ষণ তাদের প্রয়োজন ততক্ষণ পর্যন্ত সহায়তা পেতে পারে। ক্ষতিপূরণ বা ব্যয়পূরণের জন্য কোনো ব্যক্তির যোগ্যতা সেই ব্যক্তির সংস্থান, যেমন স্বাস্থ্য বীমা, এবং অপরাধের ফলে প্রাপ্ত প্রতিদান বা সিভিল সেটেলমেন্ট ইত্যাদি পাওয়ার সুযোগের দ্বারা নির্ণয় করা হবে, তবে ভিকটিম সহায়তা কর্মসূচিগুলি প্রয়োজন অনুযায়ী সকলকে বিনামূল্যে সেবা ও সমর্থন প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেট ভিকটিম সার্ভিসেস অফিসের ভারপ্রাপ্ত পরিচালক এবং কাউন্সেল জন ওয়াটসন বলেন, "গৃহ নির্যাতনের ভুক্তভোগীদের সমর্থন করার অতি গুরুত্বপূর্ণ এই মিশনে গভর্নর হোকল, OPDV এবং DCJS এর সাথে অংশীদারিত্ব করতে পেরে OVS গর্বিত। ভুক্তভোগীরা যেই সমস্যার সম্মুখীন হয়েছে তা কাটিয়ে উঠতে ও সমৃদ্ধি করতে তাদের প্রয়োজনীয় সংস্থান যাতে পেতে পারে তা নিশ্চিত করার জন্য গভর্নর এবং আমাদের অংশীদার

এজেন্সিদের তাদের কাজের জন্য আমরা ধন্যবাদ জানাচ্ছি। ভুক্তভোগী এবং সেবাদানকারীদের আমরা এটিও স্মরণ করিয়ে দিতে চাই যে OVS সাহায্য করার জন্য পাশে আছে।"

OVS রিসোর্স কানেক্ট হলো একটি অনলাইন টুল যা নিউ ইয়র্কবাসীরা যেই নির্দিষ্ট উদ্বেগ বা সমস্যায় ভুগছে তার জন্য সহজেই তাদের অনুসন্ধান করতে দেয়। আরো তথ্যের জন্য ভিকটিম সার্ভিসেস অফিসের ওয়েবসাইট ভিজিট করুন এবং এজেন্সি কে টুইটার ও ফেসবুকে ফলো করুন।

আর্থিক সহায়তা পেতে ইচ্ছুক গৃহ নির্যাতনের শিকার ব্যক্তিরা নিজ এলাকায় সেবা প্রদানকারীদের একটি তালিকা পাওয়ার জন্য opdv.ny.gov ভিজিট করতে পারবে। স্টেটের গৃহ ও যৌন সহিংসতা হটলাইন 24/7 উপলভ্য থাকে: 800-942-6906 (ফোন), 844-997-2121 (টেক্সট) বা opdv.ny.gov (চ্যাট)।

অর্থপ্রাপ্ত কর্মসূচিসমূহের একটি তালিকা এখানে উপলভ্য আছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন